


## ‘মুজিব’ সিনেমা নিয়ে টরন্টো উৎসবে যাচ্ছে

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী অবলম্বনে তৈরি হয়েছে ‘মুজিব: একটি জাতির রূপকার’ সিনেমা। শীঘ্রই মুক্তি পাবে বিশ্বজুড়ে। সিনেমা হলে মুক্তির আগে ‘মুজিব’ দেখানো হবে টরন্টো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে। এ উৎসবেই প্রথমবারের মতো সিনেমাটির প্রিমিয়ার হবে। উৎসবটি অনুষ্ঠিত হবে ৭ থেকে ১৭ সেপ্টেম্বর, কানাডার টরন্টোতে। ‘মুজিব’ সিনেমার পক্ষ থেকে টরন্টো উৎসবে যোগ দিতে কানাডা যাচ্ছেন অভিনেতা আরিফিন শুভ ও অভিনেত্রী নুসরাত ইমরোজ তিশা।



## সেলিম আল দীন পদক পেলেন দুই নাট্যব্যক্তিত্ব

অভিনেতা পীযূষ বন্দ্যোপাধ্যায় ও নাট্য নির্দেশক সৈয়দ জামিল আহমেদ পেয়েছেন ‘নাট্যাচার্য সেলিম আল দীন পদক ২০২১ ও ২০২৩’। নাট্যকার সেলিম আল দীনের ৭৪তম জন্মবার্ষিকী ও বাংলাদেশ গ্রাম থিয়েটারের ৪০ বছর পূর্তি উৎসবের সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল নাট্যশালা মিলনায়তনে। সেই অনুষ্ঠানেই তাদের পুরস্কৃত করা হয়।

## কলকাতার সিনেমায় গাইলেন অনিমেষ রায়

‘নাসেক নাসেক’ খ্যাত গায়ক অনিমেষ রায় প্রথমবারের মতো ভারতীয় বাংলা সিনেমায় গান গাইলেন। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের গল্প অবলম্বনে নির্মিত সিনেমা ‘ও অভাগী’র টাইটেল ট্র্যাকটি গেয়েছেন তিনি। সিনেমাটি পরিচালনা করেছেন অনির্বাণ চক্রবর্তী। তাতে মুখ্য চরিত্রে অভিনয় করছেন রফিয়াত রশিদ মিথিলা। সংগীত পরিচালনার দায়িত্বে রয়েছেন মৌসুমী চট্টোপাধ্যায়।





## চ্যানেল আই সেরাকণ্ঠের বিচারক রুনা লায়লা

ঐক্যাডটকমডটবিডি ‘চ্যানেল আই সেরাকণ্ঠ’ সিজন ৭-এর বিচারকের আসনে বসলেন কিংবদন্তি সংগীতশিল্পী রুনা লায়লা। এই সিজনের আরও দুই বিচারক হলেন রবীন্দ্রসংগীতের কিংবদন্তি শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা এবং আধুনিক গানের আরেক জনপ্রিয় শিল্পী সামিনা চৌধুরী। এই তিন বিচারক সিজন ৭-এর বর্তমানে টিকে থাকা ৩৭ জন প্রতিযোগীর মধ্যে থেকে পর্যায়ক্রমে বাছাই শেষে বের করে আনবেন সিজন ৭-এর মুকুট বিজয়ীকে।

## ফারুকীর ভালোবাসার মন্ত্রণালয়

দীর্ঘদিন ধরে নির্মাণে অনুপস্থিত নির্মাতা মোস্তফা সরয়ার ফারুকী। বিরতি ভেঙে এবার তিনি ফিরছেন ‘ভালোবাসার মন্ত্রণালয়’ নিয়ে। যেখানে থাকবেন এক ডজন মন্ত্রী। মোস্তফা সরয়ার ফারুকীর তত্ত্বাবধানে দেশীয় ওটিটি প্ল্যাটফর্ম চরকি’র জন্য ১২টি সিনেমা নির্মিত হবে। পুরো প্রজেক্টের নাম রাখা হয়েছে ‘মিনিস্ট্রি অব লাভ’ (ভালোবাসার মন্ত্রণালয়)। যেগুলো নির্মাণ করেছেন ১২ জন নির্মাতা। চিফ মিনিস্টার হিসেবে মোস্তফা সরয়ার ফারুকী নির্মাণ করছেন দুটি সিনেমা, ‘সামথিং লাইক অ্যান অটোবায়োগ্রাফি’ ও ‘লাস্ট ডিফেন্ডারস অব মনোগামি’।






## শাহরুখ খানের সঙ্গে ময়মনসিংহের মেয়ে সঞ্জীতা

শাহরুখ খানের 'জওয়ান' সিনেমার মাধ্যমে বলিউডে অভিষেক হতে হয়েছে ময়মনসিংহের মেয়ে সঞ্জীতা ভট্টাচার্যের। যদিও তিনি জন্মসূত্রে বাঙালি, তবে বড় হয়েছেন দিল্লিতে। তবে নিজেকে প্রবাসী বাঙালি হিসেবেই পরিচয় দিতে পছন্দ করেন সঞ্জীতা। তার বাবা কলকাতার এবং মা ময়মনসিংহের। 'ফিলস লাইক ইশক' ওয়েব সিরিজ ও 'দ্য ব্রোকেন নিউজ'-এর ছোট ছোট কিছু চরিত্রের পর এবার বড় পর্দায় দেখা যাবে সঞ্জীতাকে এই সিনেমার মাধ্যমে।

## পূজায় আসছে অরুণা বিশ্বাস পরিচালিত প্রথম সিনেমা

ঢাকাই সিনেমার এক সময়ের জনপ্রিয় নায়িকা অরুণা বিশ্বাস। বর্তমানে অভিনয়ে আগের মতো নিয়মিত নন এ অভিনেত্রী। তবে নাম লিখিয়েছেন পরিচালকের খাতায়। সম্প্রতি তিনি তার প্রথম সিনেমা পরিচালনা করেছেন। সিনেমাটি সরকারি অনুদানে তারই প্রযোজনা সংস্থা থেকে নির্মাণ হয়েছে। 'অসম্ভব' নামের সিনেমাটিতে বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন আবুল হায়াত, সোহানা সাবা, নূর, স্বাগতা, শাহেদ, শতাব্দী ওয়াদুদসহ আরো অনেকেই। এছাড়া এতে গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যাবে অরুণা বিশ্বাসের মা জ্যোৎস্না বিশ্বাসকে। আগামী ২০ অক্টোবর সিনেমাটি মুক্তির জন্য প্রস্তুত।






## আবীর চট্টোপাধ্যায়ের সঙ্গে কাজী নওশাবা

কলকাতার সিনেমায় যুক্ত হয়েছেন অভিনেত্রী কাজী নওশাবা আহমেদ। অনীক দত্তের 'যত কাণ্ড' সিনেমায় অভিনয় করার মাধ্যমে টলিউড ইন্ডাস্ট্রিতে পা রাখছেন এ অভিনেত্রীকে। জনপ্রিয় গোয়েন্দা চরিত্র ফেলুদার বুদ্ধিদীপ্ত ঘটনা আর ধাঁধার বিভিন্ন সূত্রকে কেন্দ্র করে 'যত কাণ্ড' সিনেমার চিত্রনাট্য সাজিয়েছেন নির্মাতা। সিনেমার মুখ্য চরিত্রে অভিনয় করেছেন আবীর চট্টোপাধ্যায়। ২০২৪ সালের দুর্গা পূজায় মুক্তি পাবে অনীক দত্ত পরিচালিত সিনেমাটি।

## রাশিয়ার চলচ্চিত্র উৎসবে 'সাঁতাও' সিনেমা

দেশের সীমানা পেরিয়ে আন্তর্জাতিক অঙ্গনেও প্রশংসা পেয়েছে খন্দকার সুমন পরিচালিত 'সাঁতাও' সিনেমা। নতুন খবর হলো এবার ১৯তম কাজান আন্তর্জাতিক মুসলিম চলচ্চিত্র উৎসবে গণঅর্থায়নে নির্মিত 'সাঁতাও' সিনেমা মনোনীত হয়েছে। রাশিয়ার তাতারিস্তান প্রজাতন্ত্রের রাজধানী কাজান শহরে চলচ্চিত্র উৎসবটি শুরু হতে যাচ্ছে আগামী ৫ সেপ্টেম্বর। উৎসবে 'রাশিয়া দি ইসলামিক ওয়ার্ল্ড' বিভাগে সাঁতাও চলচ্চিত্রটি প্রদর্শিত হবে।




## টাইটানিক সিনেমার রোজের পোষাক নিলামে

বিশ্ববিখ্যাত টাইটানিক সিনেমা জ্যাক-রোজ জুটি আজও দর্শক হৃদয়ে রোমান্সের শীর্ষে রয়েছে। সম্প্রতি টাইটানিকের নায়িকা রোজের পরা একটি ওভারকোট নিলামে তোলা হয়েছে। টাইটানিক সিনেমায় অভিনেত্রী কেট উইন্সলেট অন-স্ক্রিন অভিনয়ের সময় পরা একটি ওভারকোট আমেরিকার নিউ জার্সির নিলামকারী সংস্থা গোল্ডিন অনলাইনে নিলাম করতে চলেছে। ওভারকোটে গোলাপি উলের উপর কালো এমব্রয়ডারি করা হয়েছে। যা ডিজাইন করেছিলেন ডেবোরা লিন স্কট। স্কটের ডিজাইনের উপর ভিত্তি করে জে পিটারম্যান কোম্পানি এই কোটটি তৈরি করেন। যে বেশি দাম দিতে পারবেন, তারই সংগ্রহে যাবে এই ওভারকোট।






## কলকাতায় সম্মাননা পেলেন রেজওয়ানা চৌধুরী বন্যা

'তমালিকা পন্ডা শেঠ জীবন কৃতি পুরস্কার' পেয়েছেন রেজওয়ানা চৌধুরী বন্যা। রবীন্দ্রসংগীতে অবদান রাখার জন্য কলকাতায় এক অনুষ্ঠানে তাকে এই সম্মাননা দেওয়া হয়। কলকাতার জাতীয় গ্রন্থাগারের ভাষা ভবন মিলনায়তনে বিশেষ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে আইকেয়ার। পশ্চিমবঙ্গের কবি ও সাহিত্যিক তমালিকা পন্ডার অকালমৃত্যুর পর আইকেয়ার এই পুরস্কার চালু করে।

## মেঘদল ব্যান্ডের নতুন গান 'অ্যালুমিনিয়ামের ডানা'



মেঘদল ব্যান্ডের তৃতীয় অ্যালবাম 'অ্যালুমিনিয়ামের ডানা', যার ঘোষণা দেওয়া হয়েছিল অনেক দিন আগে। একে একে অ্যালবামের পাঁচটি গানও প্রকাশ করা হয়ে গেছে। এবার মেঘদল প্রকাশ করেছে অ্যালবামের শিরোনাম গান 'অ্যালুমিনিয়ামের ডানা'। ১৮ আগস্ট গানটি ব্যান্ডের নিজস্ব ইউটিউব চ্যানেলে প্রকাশ করা হয়। গানের কথা লেখার পাশাপাশি শিল্পী মেজবাউর রহমান সুমনের সঙ্গে যৌথভাবে কণ্ঠ দিয়েছেন শিবু কুমার শীল। সম্মিলিতভাবে সুর ও সংগীতায়োজন করেছেন ব্যান্ড সদস্যরা।


## বিটিএসের ১২ গান ৬০০ মিলিয়ন ক্লাবে

দক্ষিণ কোরিয়ান পপ ব্যান্ড 'বিটিএস'-এর গাওয়া 'পারমিশন টু ড্যান্স' শিরোনামের গানটি ইউটিউবে ৬০০ মিলিয়ন ভিউজ অতিক্রম করেছে। এ নিয়ে ব্যান্ডটির মোট এক ডজন গান এই মাইলফলক ছাড়িয়ে গেল। উল্লেখ্য, ৬০০ মিলিয়ন ভিউজের ১২টি গানসহ এ পর্যন্ত ব্যান্ডটির মোট ৩৯টি মিউজিক ভিডিও ইউটিউবে ১০০ মিলিয়নের মাইলফলক অতিক্রম করেছে।



## অবশেষে ভারতীয় নাগরিক হলেন অক্ষয় কুমার

অক্ষয় কুমার এতদিন ছিলেন কানাডার নাগরিক। এ নিয়ে নানা সময় তিনি বিদ্রূপেরও শিকার হয়েছেন। অবশেষে ভারতের নাগরিক হলেন বলিউড অভিনেতা অক্ষয় কুমার। ভারতের স্বাধীনতা দিবসে টুইটারে নিজের অ্যাকাউন্টে এমন একটি তথ্য শেয়ার করে অক্ষয় লিখেছিলেন 'দিল আর সিটিজেনশিপ দুটিই এখন হিন্দুস্তানি।' সঙ্গে জুড়ে দিয়েছিলেন তার নাগরিকত্বের প্রশংসাপত্র।





## চলে গেলেন মডেল সাদ হোসাইন

মনে আছে নিশ্চয়ই 'একা একা খেতে চাও, দরজা বন্ধ করে খাও' সংলাপটির কথা। নব্বই দশকের শেষ দিকে টেলিভিশনে প্রচারিত বিজ্ঞাপনে এই সংলাপটি একজন শিশু অভিনেতার মুখে তুমুল জনপ্রিয়তা পায়। সেই শিশু অভিনেতার নাম সাদ হোসাইন। তিনি উচ্চ শিক্ষায় আমেরিকা গিয়েছিলেন। বিয়ে করেন ২০১২ সালে। স্ত্রীসহ থাকতেন নিউ ইয়র্কে। এরমধ্যে এক সন্তানের বাবাও হয়েছিলেন। সবকিছু গুছিয়ে উঠার আগেই কিডনি জটিলতায় মৃত্যু হলো তার।